যুগান্তর

NOV. 28 2001

পৃষ্ঠা ... কলাম ...



*ভিপি ও সাধারণ সম্পাদক*

# রাজশাহী সিটি কলেজ ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী

**রাজশাহী ব্যুরো**

রাজশাহী সরকারি সিটি কলেজ ছাত্র সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল সমর্থিত সুইট-রিটন প্যানেল বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছে। তবে ছাত্রলীগসহ প্রগতিশীল ছাত্র সংগঠনগুলো ওই নির্বাচন বর্জন করেছে। জানা গেছে, আগামী ৮ ডিসেম্বর অনুষ্ঠেয় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য ছাত্রদল সমর্থিত সুইট-রিটন প্যানেল ছাড়াও আরেকটি স্বতন্ত্র প্যানেল মনোনয়নপত্র দাখিল করে। কিন্তু ওই স্বতন্ত্র প্যানেলের প্রার্থীরা গত ২২ নভেম্বর মনোনয়নপত্র প্রত্যাহার করায় কলেজ অধ্যক্ষা ও সংসদের সভাপতি অধ্যাপিকা সুলতানা সামিয়া বেগম রোববার ছাত্রদল সমর্থিত প্যানেলকে বিজয়ী ঘোষণা করেন। ছাত্র সংসদে কলেজ শাখা ছাত্রদলের সভাপতি মোহাম্মদ সুইট ইসলাম (সুইট) সহ-সভাপতি (ভিপি) এবং সাধারণ সম্পাদক মোঃ মাহফুজুর রহমান (রিটন) ছাত্র সংসদের সাধারণ সম্পাদক (জিএস) নির্বাচিত হয়েছেন। সংসদের প্রো-ভিপি নির্বাচিত হয়েছেন শহিদুল ইসলাম এবং এজিএস এনায়েতুল ইসলাম।